

Social Constructivism Theory of Learning By Lev Vygotsky.

RUNA LAYLA
ASSISTANT PROFESSOR IN EDUCATION
KABI JOYDEB MAHAVIDYALAYA.
ILLAMBAZAR, BIRBHUM.

Introduction:(ভূমিকা)

- ▶ Lev Vygotsky ১৮৯৬ সালে রাশিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি মাত্র ৩৭ বছর বয়সে মারা যান। তাঁর গবেষণার বিষয় গুলি প্রজ্ঞামূলক শিখন তত্ত্বের(Cognitive Learning Theories) ধারাকে বিকশিত করতে সহায়তা করেছে।

তাঁর তত্ত্ব “সামাজিক নির্মিতবাদ “(Social Constructivism) নামে পরিচিত। তিনি মনে করেন ব্যক্তির প্রজ্ঞা/ জ্ঞানের বিকাশের ক্ষেত্রে সামাজিক পরিবেশ, সংস্কৃতি বিশেষ ভূমিকা পালন করে। তাঁর মতে ব্যক্তি সামাজিক পরিবেশে পারস্পরিক মিথস্ক্রিয়া / ভাব বিনিময়ের মধ্যদিয়ে তার প্রজ্ঞা গঠন করে। তিনি মনে করেন শিশু সক্রিয় শিক্ষার্থী হিসাবে নিজেই নিজের জ্ঞান গঠন করে থাকে। মিথস্ক্রিয়ার মাধ্যমে ব্যক্তি কোন কিছু কে আবিষ্কার ও সৃষ্টি করতে পারে।

Majors Themes in this Theory(তত্ত্বের মূল ভিত্তি)ঃ



1. Social Interaction:

- ▶ ভাইগটস্কির মতে শিশুর সামাজিক, সাংস্কৃতিক বিকাশ দুটি ধাপে হয় প্রথমত, সামাজিক স্তরে, এবং পরে, ব্যক্তিগত স্তরে। সামাজিক মিথস্ক্রিয়ার ক্ষেত্রে ভাষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভাষার মাধ্যমে শিশু তার সংস্কৃতির মূল্যবোধ, চিন্তাধারা ইত্যাদি শেখে, যা তার প্রজ্ঞার বিকাশে ভূমিকা পালন করে।

❖ সামাজিক স্তর :

বলতে বোঝায় শিশু যখন তার বড়দের সাথে পারস্পরিক ভাব বিনিময় করে। অনেক সময় আমরা লক্ষ্য করি যে বড়রা শিশুর সামনে যা বলে তারা তার পুনাবৃত্তি করে। ভাইগটস্কির মতে, শিশুর ভাবনা, চিন্তা সামাজিক স্তরে শুরু হয়। তাই আপনি ছোট বাচ্চাদের কী বলেন এবং কীভাবে বলেন তা গুরুত্বপূর্ণ হয়ে ওঠে তাদের বিকাশের ক্ষেত্রে। একে **Inter-Personal Level** বলা হয়।

Cont...

❖ ব্যক্তিগত পর্যায়:

১) অহং-কেন্দ্রিক ভাষা (Ego- centric speech):

এই পর্যায়ে (আনুমানিক তিন থেকে সাত বছর) শিশুরা জোরে চিন্তা করে বা নিজেদের মধ্যে কথা বলে কিছু কাজ করে | যেমন, শিশু কোন খেলা করার সময় নিজেই আপন মনে জোরে জোরে কথা বলতে বলতে খেলা করতে থাকে | এই ভাবে সে খেলাটাকে নিয়ন্ত্রণ করে বা অনেকেই বই পড়ার সময় জোরে পড়ে থাকে এই বয়সে। পরবর্তী কালে বয়স বাড়ার সাথে সাথে এটি লুপ্ত হয়ে যায়। এটি Inner speech ও আরও অত্যাধুনিক চিন্তাভাবনার রূপান্তরের একটি গুরুত্বপূর্ণ অংশ |

২) ইনার স্পিচ (Inner speech): Ego- centric speech পরে Inner speech এ রূপান্তরিত হয়। এটি মানুষের অভ্যন্তরীণ বক্তব্য বা চিন্তা | এখানে ভাষা আত্মঃস্ত হয়ে যায় এবং চিন্তা ও আচরণের পথ দেখাতে ব্যবহৃত হয় | এই স্তরে ব্যক্তি তার চিন্তা, ভাবনা কে নিয়ন্ত্রণ করে নীরব ভাষার মাধ্যমে। এই স্তরে মানুষ উচ্চতর ভাবনা এবং আরো জটিল ধরনের চিন্তা করতে সক্ষম হয় |

2. More Knowledgeable Other


ভাইগটস্কি-এর জ্ঞানীয় বিকাশের তত্ত্ব অনুসারে, শিশুরা সামাজিক যোগাযোগের মাধ্যমে শেখে, যার মধ্যে সহযোগিতা এবং পারস্পরিক সংলাপ অন্তর্ভুক্ত। এই পারস্পরিক সহযোগিতা, সংলাপে যারা ভূমিকা পালন করে তাদের ভাইগটস্কি উচ্চতর দক্ষতার ব্যক্তি বলে অভিহিত করেছেন। তাঁরা শিক্ষক, অভিভাবক, টিউটর এমনকি সঙ্গীও হতে পারে। যেমন- একটি পাঁচ বছর বয়সী শিশু ভাষা শেখার ক্ষেত্রে সে তার অভিভাবক, বড় দাদা, দিদি বা বন্ধুর সহায়তা নিতে পারে।

3. Zone of Proximal Development

- ▶ **ZPD** হল শিক্ষার্থীর প্রকৃত বিকাশ ও বিকাশের বাইরের মধ্যকার অংশ বিশেষ। এখানে প্রকৃত বিকাশ (**Actual Development**) বলতে বোঝায় যখন শিক্ষার্থী কোন সমস্যা কারো সাহায্য ছাড়াই নিজে সমস্যার সমাধান করতে পারে। অন্যদিকে বিকাশের বাইরের (**Beyond Development**) অঞ্চল বলতে বোঝায় সেই অঞ্চল যেখানে শিক্ষার্থী অন্যদের বা বড়দের সাহায্য নিয়েও কোন সমস্যার সমাধান করতে পারেনা বা বলা যেতে পারে যা তার নাগালের বাইরের বিষয়।

প্রকৃত বিকাশ ও বিকাশের বাইরের অঞ্চলের মধ্যবর্তী বিকাশের একটা অংশ থাকে যাকে **ZPD (Zone of Proximal Development)** নামে অভিহিত করা হয়। এই স্তরের বিকাশ অর্জনের ক্ষেত্রে শিক্ষার্থীর অন্যদের সাহায্য, নির্দেশনার প্রয়োজন হয়। Kathleen Berger (2012) এই অংশ কে “*magic middle*” নামে অভিহিত করেছেন (Educational Psychology, Anita Woolfolk, adapted by Shivani Vij, page no: 69)।

Image of ZPD




প্রকৃত উন্নয়নের
ক্ষেত্র ।

ZPD(Zone of
proximal
development

উন্নয়নের বাইরে
অঞ্চল

Another image of ZPD:



4.scaffolding

- ▶ **Scaffolding** শিশুর শিখনের সাথে ঘনিষ্ঠভাবে সম্পৃক্ত। scaffolding হল একটি শিশুকে একটি কাজ সম্পাদন করতে জ্ঞানী/ অভিজ্ঞ কোন ব্যক্তি দ্বারা প্রদত্ত/ দেওয়া অস্থায়ী সমর্থনকে বোঝায়। ভাইগটস্কির মতে শিশু, শিখনের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে এবং অভিজ্ঞরা তার সহায়ক হিসাবে ভূমিকা পালন করে। শিক্ষার্থীর শিখনের ক্ষেত্রে শিক্ষক এই অস্থায়ী সমর্থন হিসাবে hints, cues(ক্লু) , কোন সমস্যা কে সহজ ভাবে বুঝিয়ে দেওয়া, তার পূর্ব শিখনের সাথে বর্তমান শিখনের মধ্য সংযোগ স্থাপন করা, উদাহরণ ইত্যাদি দিতে পারেন। যা শিক্ষার্থীর শিখন দক্ষতা মজবুত করতে সহায়তা করে।

Educational Implication:

- ❖ শিক্ষক, শিক্ষার্থীদের ব্যক্তিগত শিখনে উৎসাহিত করবেন।
- ❖ শিক্ষক ,শিক্ষার্থীকে প্রাথমিক ভাবে শিখনে সহায়তা করবেন। কিন্তু যখন সে দক্ষতা অর্জন করে যাবে তখন শিক্ষক সহায়তার পরিমাণ কম করে দেবেন।
- ❖ শিখনের ক্ষেত্রে বিভিন্ন মাধ্যম যেমন – **Dictionaries, word– processing programs(ভাষা শিখনের ক্ষেত্রে) computer, electronic notebook** ইত্যাদির ব্যবহার করবেন।
- ❖ শিক্ষক শিক্ষার্থীদের পারিবারিক শিক্ষার স্তর, অবস্থা, বেড়ে ওঠার ধরণ ইত্যাদি জেনে সেই মত তাদের জন্য শিক্ষা পরিকল্পনা করবেন।
- ❖ শিক্ষক শিক্ষার্থীদের **Peer tutoring, group learning, cooperative learning, how to ask good question and give helpful explanation** ইত্যাদি তে উৎসাহিত করবেন।

THANK YOU

